

অংশীদারিত্বমূলক পল্লী উন্নয়ন প্রকল্প-৩ (২য় সংশোধিত)

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড

“পল্লী ভবন”

৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫।



১৪ আশ্বিন ১৪২৯ বঙ্গাব্দ

তারিখ: ২৯ সেপ্টেম্বর ২০২২ খৃস্টাব্দ

স্মারক নং-৪৭.৬২.০০০০.৯০৬.০৫.০৮১.১৬-২৩২

বিষয়: গ্রাম উন্নয়ন কমিটি (ভিডিসি)’র সভাপতি নির্বাচন।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিআরডিবি কর্তৃক বাস্তবায়নাধীন “অংশীদারিত্বমূলক পল্লী উন্নয়ন প্রকল্প-৩ (২য় সংশোধনী)” শীর্ষক প্রকল্পের মূল কম্পোনেন্টের মধ্যে অন্যতম হলো সঠিকভাবে ভিডিসি গঠন ও ভিডিসিএম অনুষ্ঠান। সঠিকভাবে ভিডিসি গঠন ও ভিডিসিএম অনুষ্ঠানের উপর প্রকল্পের সুষ্ঠু বাস্তবায়ন অনেকাংশে নির্ভরশীল। গ্রামের বিদ্যমান সমস্যা চিহ্নিতকরণ, সমাধানের উপায় উদ্ভাবন ও স্থানীয় চাহিদা নির্ধারণের ক্ষেত্রে ভিডিসি সদস্যবৃন্দের মতামতের ভিত্তিতে পরিকল্পনা গ্রহণ করা হয়। সে আলোকে গৃহীত পরিকল্পনা ইউসিসিএম এ উপস্থাপন এবং ইউসিসিএম এ অনুমোদনের পর তার বাস্তবায়ন শুরু হয়। কিন্তু সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, ভিডিসি গঠন এবং ভিডিসিএম ও ইউসিসিএম অনুষ্ঠানের ক্ষেত্রে প্রকল্প কর্তৃক নির্দেশিত বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করা হচ্ছেনা। এ ছাড়া গঠিত ভিডিসির সভাপতি/সেক্রেটারি নির্বাচনের সুস্পষ্ট নির্দেশনা থাকলেও অনেকক্ষেত্রে ভিডিসির উপদেষ্টা ইউপি সদস্য অথবা ইউসিসিএম এর সভাপতি ইউপি চেয়ারম্যানকে ভিডিসিএম এর সভাপতি করে সভার কার্যক্রম পরিচালনা করা হচ্ছে যা কোনক্রমেই কাম্য নয়। এতে করে ভিডিসিএম এ উপস্থিত সদস্যবৃন্দের মত প্রকাশের স্বাধীনতা বিঘ্নিত হচ্ছে, অন্যদিকে গ্রামবাসী তাদের চাহিদা মোতাবেক সেবা প্রাপ্তিতে বাধার সম্মুখীন হচ্ছে। ফলে মাঠ পর্যায়ে প্রকল্প বাস্তবায়নে জটিলতা সৃষ্টি হচ্ছে।

এমতাবস্থায়, ভিডিসি গঠনের ক্ষেত্রে সংশ্লিষ্ট গ্রাম/ওয়ার্ড এ উন্মুক্ত (সাধারণ সভা) সভা অনুষ্ঠানের মাধ্যমে সংখ্যাগরিষ্ঠ সদস্যবৃন্দের মতামতের ভিত্তিতে গ্রাম উন্নয়ন কমিটি (ভিডিসি) গঠন করতে হবে এবং সাধারণ সদস্যবৃন্দের মধ্য থেকে সভাপতি বা কমিটির সদস্য নির্বাচন করতে হবে। ইউপি সদস্যবৃন্দ ভিডিসি’র উপদেষ্টা থাকবেন। ইউপি সদস্য বা ইউপি চেয়ারম্যানগণ ভিডিসি কমিটি’র কোন পদেই থাকবেন না। এ ক্ষেত্রে প্রকল্প বাস্তবায়ন নীতিমালা এবং এতদসংক্রান্ত নির্দেশনা কঠোরভাবে অনুসরণ করার জন্য বলা হলো।

→

২৯.০৯.২০২২  
তপন কুমার মন্ডল  
প্রকল্প পরিচালক

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা

উপজেলা-----।

জেলা-----।

স্মারক নং-৪৭.৬২.০০০০.৯০৬.০৫.০৮১.১৬-২৩২

১৪ আশ্বিন ১৪২৯ বঙ্গাব্দ  
তারিখ: ২৯ সেপ্টেম্বর ২০২২ খৃস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

০১। উপপরিচালক, বিআরডিবি,-----জেলা দপ্তর (সকল)।

০২। উপপরিচালক (প্রোগ্রামিং), বিআরডিবি, ঢাকা। (পত্রটি বিআরডিবি’র ওয়েব সাইটে আপলোড করার অনুরোধ সহ)।

০৩। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।

০৪। সংশ্লিষ্ট নথি/অফিস কপি।

→  
২৯.০৯.২০২২  
সেখ আমিনুর ইসলাম  
উপপরিচালক